

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপপরিচালকের কার্যালয়  
হটিকালচার সেন্টার, দৌলতপুর, খুলনা।  
<http://hcdoulatpur.khulna.gov.bd>

স্মারক নং- ১২.০১.৪৭২১.০১২.০৬.০০৬.২৩.৪৭২

তারিখ : ০৫/১২/২০২২

প্রিঃ

**বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : সঞ্জয় কুমার দাস

উপপরিচালক, হটিকালচার সেন্টার, দৌলতপুর, খুলনা।

সভার তারিখ ও সময় : ০৫ ডিসেম্বর ২০২৩, সকাল ৯:০০ ঘটিকা।

সভার স্থান : উপপরিচালকের কার্যালয়ের অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হয়েছে।

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা সংক্রান্ত সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে বর্তমান সিটিজেন চার্টার হালনাগাদকরণ এবং এতদসংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ ও সেবা প্রদান প্রতিশ্রুতি ২০২২-২০২৩ বাস্তবায়ন বিষয়ে বক্তব্য প্রদানের জন্য আহ্বান জানান।

২. সভায় জানানো হয় বিগত ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, হটিকালচার সেন্টার, দৌলতপুর, খুলনায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) সংক্রান্ত প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়, উক্ত সভায় গৃহীত সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ :

ক্রমিক নং	বিষয়/সেবা প্রদান প্রতিশ্রুতি	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১.	সেবা সহজিকরণ	সেবা সহজিকরণের লক্ষ্যে তথ্য বাতায়ন ও সেবা বক্স নিয়মিত হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	সিদ্ধান্ত বাস্তবায়িত অধিদপ্তরে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে।
২.	কৃষি প্রযুক্তি ও তথ্য সেবা সম্প্রসারণ	কৃষি প্রযুক্তি ও তথ্য সেবা সম্প্রসারণের লক্ষ্যে ওয়েব পোর্টাল ও ফেসবুক পেজে নিয়মিত তথ্য প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
৩.	সম্প্রসারণকর্মী/কৃষকদের দক্ষতা বৃদ্ধিকরণ	সম্প্রসারণকর্মী/কৃষকদের দক্ষতা বাড়ানোর লক্ষ্যে মাসিক/ত্রৈমাসিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।	সিদ্ধান্ত বাস্তবায়িত ও চলমান।

সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনা সংক্রান্ত সভায় সিদ্ধান্ত গ্রহণ শেষে সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে উক্ত দিনের কার্যক্রম শেষ করেন।



সঞ্জয় কুমার দাস

উপপরিচালক

হটিকালচার সেন্টার, দৌলতপুর, খুলনা।

ফোন: ০২৪৭৭৭৩২৯২৭

ই-মেইল : hcdaukhulna@gmail.com

কার্যার্থে বিতরণ :

১. উদ্যানতত্ত্ববিদ ও সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, হটিকালচার সেন্টার, দৌলতপুর, খুলনা।

